



(একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়  
মানিকগঞ্জ সদর, মানিকগঞ্জ।



<http://food.sadar.manikganj.gov.bd>

স্মারক নং- ১৩.০১.৫৬৪৬.০০০.৫৭.০০৩.২২. ১৯৯

তারিখ: ০২.১০.২০২৩খ্রিঃ

সূত্রঃ মানিকগঞ্জ সদর উপজেলা পরিষদের আগস্ট, ২০২৩ এবং সেপ্টেম্বর, ২০২৩ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী।  
বিষয়ঃ খাদ্যবান্ধব কর্মসূচীর ভোক্তা ডিলার অনুযায়ী পুনর্নির্ন্যাস এবং খাদ্যবান্ধব বিক্রয় কেন্দ্র পুনঃনির্ধারণে ইউনিয়ন খাদ্যবান্ধব কমিটির প্রস্তাব আহবান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে আপনার অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মানিকগঞ্জ সদর উপজেলার অন্তর্ভুক্ত ১০(দশ)টি ইউনিয়নে খাদ্যবান্ধব কর্মসূচীর সকল ভোক্তার ডিজিটাল ডাটাবেজ তৈরী করা হয়েছে। উক্ত ডাটাবেজ প্রস্তুতকরণ শেষে দেখা যায় যে, তথ্যগত ত্রুটি জনিত কারণে সংশ্লিষ্ট গ্রাহকগণ তাদের আবাসস্থলের নিকটবর্তী ডিলারের নিকট হতে চাল গ্রহণের জন্য মনোনীত না হয়ে দূরবর্তী ডিলারের নিকট হতে চাল গ্রহণের জন্য তালিকাভুক্ত হয়েছেন। উক্ত ত্রুটিসমূহ দূর করতে সংশ্লিষ্ট সকল গ্রাহকের (যে সকল গ্রাহকের এ ধরনের সমস্যা বিদ্যমান) তালিকা, তাদের কার্ড নাম্বার, ঠিকানা এবং ইউনিয়নসহ যে ডিলারের অধীনে চাল গ্রহণ করতে ইচ্ছুক তার নামসহ ১০/১০/২০২৩ খ্রিষ্টাব্দ তারিখের ভেতর অত্র দপ্তরে প্রেরণ করার অনুরোধ করা হল।

উপজেলা পরিষদের মাসিক সমন্বয় সভার আলোচনার ভিত্তিতে বেশ কিছু ইউনিয়নের নির্ধারিত ডিলারপয়েন্ট হতে গ্রাহকদের চাল গ্রহণ করতে দূরত্বজনিত কারণে নানাবিধ সমস্যার সম্মুখীন হচ্ছেন বলে চেয়ারম্যানগণ উপজেলা পরিষদকে অবহিত করেন। এমতাবস্থায় ডিলার পয়েন্ট পুনর্নির্ধারণের যৌক্তিক প্রস্তাব ইউনিয়ন খাদ্যবান্ধব কমিটির সভা করে সভার কার্যবিবরণীসহ (কমিটির সকল সদস্যর স্বাক্ষর সমেত) ১০/১০/২০২৩ খ্রিষ্টাব্দে অত্র দপ্তরে প্রেরণ করার জন্য অনুরোধ করা হল।

হালনাগাদকৃত খাদ্যবান্ধব তালিকাভুক্ত কোন ভোক্তা মৃত্যুবরণ করলে তার অনলাইন মৃত্যুসনদ ১০/১০/২০২৩ খ্রিষ্টাব্দ তারিখের মাঝে অত্র দপ্তরে প্রেরণ করুন। নির্ধারিত সময়ে তালিকা প্রেরণ না করা হলে উক্ত মৃত গ্রাহকদের পরিবর্তে পরবর্তীতে নতুন ভোক্তা অন্তর্ভুক্ত করা সম্ভব হবে না।

(স্বাঃ)

ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান (সকল),  
সভাপতি, ইউনিয়ন খাদ্য বান্ধব কমিটি  
এবং  
ইউনিয়ন পরিষদ সচিব (সকল),  
সদস্য সচিব, ইউনিয়ন খাদ্য বান্ধব কমিটি

মোঃ আইয়ুব রায়হান  
উপজেলা খাদ্য নিয়ন্ত্রক  
মানিকগঞ্জ সদর, মানিকগঞ্জ।  
মোঃ ০১৭০-১৬৭৯৬৪৩


E-mail:ucfmanikganjsadar@gmail.com

তারিখ: ০২.১০.২০২৩খ্রিঃ

স্মারক নং- ১৩.০১.৫৬৪৬.০০০.৫৭.০০৩.২২. ১৯৯

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে প্রেরণ করা হলো।

- ১। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ঢাকা।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, মানিকগঞ্জ সদর।
- ২। জেলা খাদ্য নিয়ন্ত্রক, মানিকগঞ্জ।
- ২। অফিস কপি।



২৭.০৯.২০২৩

মোঃ আইয়ুব রায়হান

উপজেলা খাদ্য নিয়ন্ত্রক

মানিকগঞ্জ সদর, মানিকগঞ্জ।

